# পঞ্চম উপজেলা পরিষদের ২৭ তম সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব আব্দুল মোমিন চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কনাইঘাট, সিলেট।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
তারিখ : ১৯ আগস্ট ২০২১
সময় : সকাল ১০.০০ ঘটিকা

সদস্যদের উপস্থিতি ও অনুপস্থিতি পরিশিষ্ট ক ও খ দ্রষ্টব্য ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ ও অনুমোদিত হয়। অত:পর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রমিক | আলোচ্য বিষয়/বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | সভায় বিগত সভার গৃহীত সকল সিদ্ধান্তের পর্যালোচনা করেন। পর্যালোচনা শেষে দেখা যায়, গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম চলমান ও সন্তোষজনক রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম দ্রুত বাস্তবায়ন করতে হবে | সকল বিভাগীয় কর্মকর্তা ও সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, কানাইঘাট, সিলেট। |
| ০২ | স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা | আলোচনাকালে উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী কমিটির মধ্যে কোন আলোচনা বা সুপারিশ না থাকায় এ বিষয়ে কোন আলোচনা করা যায় নি। | স্থায়ী কমিটির সভা নিয়মিত আহবান করতে হবে। | ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলাপরিষদ, কানাইঘাট, সিলেট। |
| ০৩ | শোক প্রস্তাব | আলোচনাকালে চেয়ারম্যান, ০৭ নং দক্ষিণ বাণীগ্রাম ইউ/পি জানান, দক্ষিণ বাণীগ্রাম ইউনিয়নের বিশিষ্ট ব্যক্তিত্ব বঙ্গবন্ধু মেডিকেল বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ডাঃ তাহের সাহেবের সহধর্মিনী কানাইঘাট উপজেলা আওয়ামীলীগের সাবেক সভাপতি জমির উদ্দিন প্রধান এবং কানাইঘাট পৌরসভার অর্ন্তগত দূর্লভপুর গ্রামের বিশিষ্ট ব্যক্তি ডাঃ ফজলুর হক সাহেবের সহধর্মিনীর মৃত্যুতে এক শোক প্রস্তাব গ্রহণের অনুরোধ জানান। | বঙ্গবন্ধু মেডিকেল বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ডাঃ তাহের সাহেবের সহধর্মিনী কানাইঘাট উপজেলা আওয়ামীলীগের সাবেক সভাপতি জমির উদ্দিন প্রধান এবং দূর্লভপুর গ্রামের বিশিষ্ট ব্যক্তি ডাঃ ফজলুর হক সাহেবের সহধর্মিনীর অকাল মৃত্যুতে এক শোক প্রস্তাব গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০৪ | নতুন সার্কুলার, প্রজ্ঞাপন ও বিধি অগ্রগতির জন্য উপস্হাপন | উপজেলা নির্বাহী অফিসার, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,স্থানীয় সরকার বিভাগ, উপজেলা -০১ শাখার ১০-০৮-২০২১ তারিখে ৫১২ নং স্মারকের প্রেক্ষিতে উপজেলা পরিষদ চেয়ারম্যানদের দাপ্তরিক কাজে ব্যবহৃত জীপগাড়ির জ্বালানী ব্যয় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নির্বাহ করার নির্দেশনা প্রদান করা হয়েছে। | উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত জীপগাড়ির জ্বালানী ব্যয় /খরচ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহ করতে হবে। | মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট |
| ০৫ | মাননীয় উপদেষ্টার পরামর্শের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ | আলোচ্য মাসে মাননীয় উপদেষ্টার নতুন কোন পরামর্শ না থাকায় এবিষয়ে কোন আলোচনা করা হয় নি। | মাননীয় উপদেষ্টার নতুন কোন পরামর্শ না থাকায় এবিষয়ে কোন সিদ্ধান্ত গৃহীত হয়নি। | মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট |
| ০৬ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা,<br>ক. করোনা ভাইরাস (কোভিড- ১৯) এ কানাইঘাট উপজেলায় করোনা পরীক্ষা করা হয়েছে ১,২১৮ জন, মোট আক্রান্ত রোগীর সংখ্যা ৪৪৫ জন, সুস্থ রোগীর সংখ্য ৪০৯ জন, আইসোলেশনে রয়েছেন ২১ জন,মৃত্যুবরণ করেছেন ২১ জন। তিনি আরোও জানান জনগণের মধ্যে ভ্যাকসিন গ্রহণের আগ্রহ খুবই বেড়েছে ১ম ডোজ ভ্যাকসিন গ্রহণ করেছে ১৪,০৩৭ জন, ২য় ডোজ গ্রহণ করেছে ২,৪৩৪ জন বলে সভাকে অবহিত করেন।<br>খ. ডেঙ্গু জ্বরের উৎপত্তি ডেঙ্গু ভাইরাসের মাধ্যমে এই ভাইরাসবাহিত এডিস ইজিপ্টাই নামক মশার কামড়ে হয়ে থাকে। ডেঙ্গু জ্বরের জীবাণুবাহী মশা কোনো ব্যক্তিকে কামড়ালে সেই ব্যক্তি চার থেকে ছয়দিনের | উপজেলা পরিষদ কমপ্লেক্সে হাসপাতাল ও পৌরসভার অভ্যন্তরে ডেঙ্গু মশা নিধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা/ মেয়র,কানাইঘাট পৌরসভা/ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ কানাইঘাট,সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| | | কামড়ালে সেই মশাটি ডেঙ্গু জ্বরের জীবাণুবাহী মশায় পরিণত হয়। এভাবে একজন থেকে অন্যজনে মশার মাধ্যমে ডেঙ্গু ছড়িয়ে থাকে। ডেঙ্গু জ্বর হতে সকলকে সচেতন থাকার এবং পরামর্শ প্রদানের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণদেরকে অনুরোধ জানান ।<br>উপজেলা নির্বাহী অফিসার উপজেলা পরিষদ কমপ্লেক্স, হাসপাতাল এবং পৌরসভার অভ্যন্তরে ডেঙ্গু মশা নিধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র, কানাইঘাট পৌরসভাকে অনুরোধ জানান। | | |
| ০৭ | আইন-শৃঙ্খলা বিভাগ | অফিসার ইনচার্জ কানাইঘাট থানা, এ উপজেলার আইন-শৃঙ্খলা কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | অফিসার ইনচার্জ কানাইঘাট থানা কানাইঘাট, সিলেট |
| ০৮ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার, প্রাথমিক শিক্ষা বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৯ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | উপজেলা প্রকৌশলী,<br>ক. ২০২১-২০২২ অর্থ বছরের আওতায় অত্র উপজেলায় এডিপি ১ম কিস্তি বাবদ = ৩০,৫৯,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। বর্ণিত ১ম কিস্তি অনুযায়ী ১ম,২য়,৩য় ও ৪র্থ কিস্তিসহ সম্ভাব্য প্রাপ্তি মোট = ১,২২,৩৬,০০০/- টাকা খাতওয়ারী প্রকল্প দাখিলের জন্য সংশ্লিষ্ট ইউ/পি চেয়ারম্যানগণদেরকে অনুরোধ জানান এবং বর্ণিত টাকা সংশ্লিষ্ট ইউনিয়নে বিভাজনের জন্য সভায় অনুরোধ জানান।<br>খ. SDIRIIP প্রকল্পের আওতায় ০২ নং লক্ষীপ্রসাদ পশ্চিম ইউপির অর্ন্তগর্ত কানাইঘাট জি.সি সুরুইঘাট জি.সি সড়ক হইতে বুধবারী বাজার রোড ভায়া কুওরঘড়ি সরকারী প্রাথমিক বিদ্যালয় রোডের আমরীখালের উপর ব্রীজ নির্মাণ কাজের টেন্ডার কাজ প্রক্রিয়াধীন। বর্ণিত ব্রীজ নির্মাণ কাজ শুরু হওয়ার আগেই দু'পার্শ্বের সংযোগকারী (Approch road) রাস্তার মাটির কাজ অসমাপ্ত রয়েছে। দ্রুত মাটির কাজ সমাপ্ত করার জন্য চেয়ারম্যান ২নং লক্ষীপ্রসাদ পশ্চিম ইউ/পি অনুরোধ জানান।<br>গ. ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক কর্মসুচীতে"উপজেলা উন্নয়ন সহায়তা" প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা কোভিড-১৯ প্রতিরোধ । করোনা ভাইরাসের (কোভিড-১৯) বিস্তাররোধকল্পে প্রতিরোধকমূলক ব্যবস্থা (মাক্স, স্যানিটাইজার, এ্যান্টিসেপটিক সাবান পাল্স অক্সিমিটার,অক্সিজেন সিলিন্ডার,থার্মাল স্ক্যানার ক্রয় করার জন্য ৫,৩৯,০০০/-(পাঁচ লক্ষ উনচল্লিশ হাজার ) টাকা বরাদ্দ পাওয়া গেছে বলে সভাকে অবহিত করেন।<br>ঘ. সভাপতি জানান, ০৮ নং ঝিংঙ্গাবাড়ী ইউনিয়নের ০৩ নং ওয়ার্ডে উপজেলা প্রকৌশল অফিসের প্রস্তাবিত ১২ নং ক্রমিকের 691594206-VR-A-Vator kuna(UZR) Vatar Kuna Primary School Road (Mia Khan & Nobab Chowdhury Road এর স্থলে 691594206-VR- A - Vator kuna Primary School গাছবাড়ী হরিপুর রাস্তা থেকে নাছির উদ্দিনের বাড়ী গর্দনাকান্দি পর্যন্ত রাস্তাটি Vator kuna Primary School নামে আইডির্ভূক্ত করার জন্য সভায় প্রস্তাব করেন।<br>ঙ. চেয়ারম্যান.০৭ নং ইউপি গাছবাড়ী ইউনিয়ন ভূমি অফিসের কাজ দ্রুত সমাপ্ত করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান।<br>চ. উপজেলা প্রকৌশলী, উপজেলা পরিষদের পায়রা - (ক) বাসার বাতরুম মেরামত ও ইলেকট্রিক কাজ | ক. ২০২১-২০২২ অর্থ বছরের আওতায় (এডিপির) বরাদ্দ খাতওয়ারী বিভাজন করতে হবে।<br>খ. আমরী খালের উপর ব্রীজ নির্মাণ কাজের টেন্ডার কাজ প্রক্রিয়াধীন থাকায় বর্ণিত ব্রীজ নির্মাণ কাজ শুরু হওয়ার আগেই দু'পার্শ্বের সংযোগকারী (Approch road) রাস্তার অসমাপ্ত মাটির কাজ দ্রুত সমাপ্ত করতে হবে।<br>গ. করোনা ভাইরাসের (কোভিড-১৯) বিস্তাররোধকল্পে প্রতিরোধকমূলক ব্যবস্থা গ্রহণের জন্য বরাদ্দকৃত অর্থ হতে উল্লেখিত সামগ্রী মাক্স, স্যানিটাইজার, এ্যান্টিসেপটিক সাবান, পাল্স অক্সিমিটার, অক্সিজেন সিলিন্ডার থার্মাল স্ক্যানার ক্রয় করতে হবে।<br>ঘ. 691594206-VR-A-Vator kuna(UZR) Vatar Kuna Primary School Road (Mia Khan & Nobab Chowdhury Road এর স্থলে 691594206-VR- A - Vator kuna Primary School গাছবাড়ী হরিপুর রাস্তা থেকে নাছির উদ্দিনের বাড়ী গর্দনাকান্দি পর্যন্ত রাস্তাটি Vator kuna Primary School নামে আইডির্ভূক্ত করতে হবে।<br>ঙ. গাছবাড়ী ইউনিয়ন ভূমি অফিসের কাজ দ্রুত সমাপ্ত করতে হবে।<br>চ. পায়রা - (ক) বাসার বাতরুম মেরামত ও ইলেকট্রিক কাজ করতে হবে। | উপজেলা স্বাস্থ্য পঃপঃ কর্মকর্তা/উপজেলা প্রকৌশলী/সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দ কানাইঘাট, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| | মাধ্যমিক শিক্ষা বভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি, মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক কর্মকর্তা কানাইঘাট ,সিলেট |
| ১১ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা জানান,<br>ক. বর্তমানে আমন মৌসুমে ১০ , ০০০ হেক্টর জমিতে রোপন সম্পন্ন হয়েছে। অবশিষ্ট রোপন ভাদ্র মাসের মধ্যে রোপন সম্পন্ন হবে। এবারে অত্র উপজেলায় আমন আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ হয়েছে ১৫,৫৩০ হেক্টর।<br>খ. বন্যা পরিস্থিতি নিয়ে মেন ক্ষতির আশংকা এখ নপর্যন্ত নেই। সুরমা নদীর পানি বিপন সীমার নিচে রয়েছে। তাছাড়া রোপনযোগ্য প্রচুর বীজতলা মাঠে রয়েছে। আশা করি রোপা আমন লক্ষ্যমাত্রা অর্জিত হবে।<br>গ. সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যামে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্প এর আওতায় উপজেলার জন্য ৭০% ভূর্তকীতে কম্বাইন হারভেস্টার, পাওয়ার রিপার, রাইস ট্রান্সপ্লান্টার, প্রেসার স্প্রেয়ার, ড্রাফাক যন্ত্র বিতরণ করা হবে। আগ্রহী কৃষক বা কৃষকগ্রুপকে নির্ধারিত ফরমে দ্রুত অত্র অফিসে আবেদন করতে হবে। প্রয়োজনে উপসহকারী কৃষি কর্মকর্তা বা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করলে বিস্তারিত তথ্য পাওয়া যাবে বলে সভাকে জানান।<br>ঘ. আসন্ন রবি মৌসুমে অনাবাদী জমি আবাদের আওতায় আনতে এবং রবি শস্যের উৎপাদন বাড়াতে এডিপি খাতের আওতায় বরাদ্দের জন্য সভায় অনুরোধ জানান। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা কানাইঘাট ,সিলেট |
| ১২ | দূর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কানাইঘাট ,সিলেট |
| ১৩ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা, বেশি বেশি মাছ চাষ করি, বেকারত্ব দুর করি। এই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে জাতীয় মৎস্য সপ্তাহ-২০২১ অনুষ্ঠিত হতে যাচ্ছে। আগামী ২৮ আগষ্ট হতে ০৩ সেপ্টেম্বর পর্যন্ত ৭ দিন ব্যাপী বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হয়েছে। উক্ত অনুষ্ঠান সফল করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা করার জন্য সভায় অনুরোধ জানান। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা কানাইঘাট ,সিলেট |
| ১৪ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা অনুপস্থিত থাকায় প্রাণিসম্পদ বিভাগের কোন অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | --- |
| ১৫ | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সমাজ সেবা অধিদপ্তর,সমাজসেবা ভবন,পরিকল্পনা ও উন্নয়ন শাখা ২৭-১০-২০২০ খ্রিঃ তারিখে ১৪০ নং স্মারকের প্রেক্ষিতে "শেখ ফজিলাতুন্নেচ্ছা মুজিব পল্লী সমাজসেবা প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন" শীর্ষক প্রকল্প প্রণয়নের লক্ষ্যে উপজেলা পরিষদ কমপ্লেক্সের ভিতরে ভবন নির্মাণ করার জন্য ৮(আট) শতাংশ জায়গা বরাদ্দের জন্য সভায় প্রস্তাব করেন। | শেখ ফজিলাতুন্নেচ্ছা মুজিব পল্লী সমাজসেবা প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের লক্ষ্যে উপজেলা পরিষদ কমপ্লেক্সের ভিতরে ভবন নির্মাণ করার জন্য ৮(আট) শতাংশ জায়গা প্রাপ্তি সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | **সহকারী কমিশনার(ভূমি)/ উপজেলা সমাজসেবা কর্মকর্তা কানাইঘাট ,সিলেট** |
| ১৬ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা অনুপস্থিত থাকায় পরিবার পরিকল্পনা বিভাগের কোন অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | --- |
| ১৭ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা উপজেলা মহিলা বিষয়ক বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কানাইঘাট ,সিলেট। |
| ১৮ | যুব উন্নয়ন বিভাগ | **উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি জানান,**<br>**প্রশিক্ষণ ঃ ২০২১-২০২২ অর্থ বৎসরের লক্ষ্যমাত্রা** | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রশিক্ষণ শুরু করার জন্য চেষ্টা অব্যাহত রয়েছে।<br>**যুবঋণ ঃ** চলতি অর্থ বৎসরের জুলাই/২০২১ মাসে যুব ঋণ বিতরণ হয় নাই। ১৫ ই আগষ্ট জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ০৭(সাত) জন যুবক/যুব মহিলাদের মধ্যে ৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকা টাকার চেক বিতরণ করা হয়েছে বলে সভাকে অবহিত করেন। | | |
| ১৯ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, প্রতি বছরের ন্যায় চলতি অর্থ বছরে উপজেলা ভ্রাম্যমান প্রশিক্ষণ হবে ০৪(চার)টি। তবে চলতি অর্থ বছরে অদ্যাবধি বাজেট না আসায় প্রশিক্ষণ কাজ আরম্ব করা হয়নি। অত্র উপজেলায় বিভিন্ন সমবায় সমিতির অডিট কার্যক্রম আরম্ব করা হয়েছে। চলতি মাসে ০২(দুই)জন অডিট অফিসার কর্তৃক ০৫(পাঁচ)টি সমিতির অডিট সম্পাদন করা হয়েছে বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা কানাইঘাট ,সিলেট। |
| ২০ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, খাদ্য অধিদপ্তরের আওতাধীন অত্র উপজেলার সংশ্লিষ্ট ইউনিয়ন ও পৌরসভায় সরকারের নির্ধারিত মূল্যে ডিলারদের মাধ্যমে চাল ও আটা বিক্রয় কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কানাইঘাট ,সিলেট। |
| ২১ | বন বিভাগ | উপজেলা বিট কর্মকর্তা জানান, ২০২০-২০২১ অর্থ বছরে কানাইঘাট বন অফিস কর্তৃক ০৪ নং সাতবাক ইউনিয়নে বিভিন্ন রাস্তায় ১২ কিলোমিটার স্টিপ বাগান, এবং অর্থ বিটের মুলাগুল ও ডাউকের গুল মৌজায় বনভূমিতে ২০ হেক্টর স্বল্প মেয়াদী বাগান ও অর্থ কানাইঘাট উপজেলা বিভিন্ন সরকারী, বেসরকারী অর্থ ধর্মীয় প্রতিষ্টানে ১০ হাজার টি বিভিন্ন প্রজাতি চারা রোপন করে প্রতিষ্টান বনায়ন কার্যক্রম গ্রহণ করা হইয়াছে। বিটাধীনে ২০ হেক্টর সৃজিত বাগানে স্থানীয় কিছু উশৃঙ্খল মানুষ তাদের গৃহপালিত গরু, ছাগল ও মহিষ ধারা রোপিত চারা বিনষ্ট করিতেছে। কোনভাবে দমন করা যাচ্ছে না। সরকারী স্বার্থে ও অর্থে সৃজিত বাগানটি রক্ষায় সংশ্লিষ্ট ইউ/পি চেয়ারম্যানগণসহ সকলের সহযোগিতা কামনা করি। তিনি আরোও জানান, ইদানিং বিটের সরকারী বনাঞ্চলের গাছ এটি সঙ্গবদ্ধ দুকৃতিকারী ও বনদশ্যি দল গাছ কাটা ও পাচারে লিপ্ত রয়েছে। বর্তমান বর্ষা মৌসুমে বনাঞ্চলের চর্তুদিকে পানিতে ভর্তি থাকায় গাছ চুরেরা বিশেষ করে গভীর রাতে সুবিধা মত সময়ে গাছ চুরিতে লিপ্ত হয়। বিস্তৃত বনভূমির তুলনায় বিটের নিয়োজিত সল্প স্টাপ নিয়ে বিশেষ করে রাতে বেলা যোগাযোগের অপ্রতুলতা অপ্রতিবন্ধকতা গাছ চুরদেরকে হাতেনাতে ধৃত করা কিংবা তাৎক্ষনিকভাবে অভিযান পরিচালনা করে গাছ চুরি রোধ, বন সম্পাদন উদ্ধারে নানাবিধ সমস্যা সৃষ্টি হয় অনেক সময় সম্ভবপর হয় না। বন বিট কর্তৃক বনাঞ্চলে টহল জোরদার করা হয়েছে। ইতিমধ্যে বনাঞ্চলে টহল পরিচালনা করে কাট উদ্ধারসহ জড়িত বিরুদ্ধে বিভাগীয় মামলা দায়ের করা হয়েছে কিন্তু কোনভাবে গাছ চুরদের অপতৎপরতা থামছে না যা এখনো অব্যাহত আছে। গাছ চুরদের প্রতিরোধ করা না গেলে বনের গাছ রক্ষা করা কঠিন হয়ে পড়বে। এমতাবস্থায় জড়িতদের বিরুদ্ধে আইননগত ব্যবস্থা গ্রহণে আইন শৃঙ্খলা বাহিনীসহ অত্র পরিষদের সহযোগীতাসহ সংশ্লিষ্টদের সহযোগীতা কামনা করছি। | বনাঞ্চলে গাছ চুরির সাথে জড়িতদের কঠোর ভাবে দমন করতে হবে। | অফিসার ইনচার্জ কানাইঘাট থানা / বিট কর্মকর্তা কানাইঘাট ,সিলেট। |
| ২২ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লীউন্নয়ন কর্মকর্তা অনুপস্থিত থাকায় পল্লীউন্নয়ন বিভাগের কোন অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | --- |

| | | | | |
|---|---|---|---|---|
| | বিভাগ | আনসার ভিডিপি বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | রাখতে হবে। | ভিডিপি কর্মকর্তা কানাইঘাট,সিলেট। |
| ২৪ | পল্লীবিদ্যুৎ বিভাগ | **ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি-২**<br>ক. চলমান বর্ষা মৌসুমে অবিরাম ভারী বৃষ্টির কারণে বিভিন্ন এলাকায় বন্যা হতে পারে। ফলে বৈদ্যতিক খুঁটির গোড়ার মাটি নরম হয়ে গেলে পড়ে বিদ্যুৎ বিভ্রাট/দূর্ঘটনা ঘটতে পারে। বড়গাছ ডালপালা লাইনে পড়ে বৈদ্যুতিক লাইনের তার ছেঁড়াসহ বিদ্যুৎ বিভ্রাট ও জানমালের ক্ষতি হতে পারে। সকল প্রকার বিদ্যুৎ বিভ্রাট ও এতদ্ বিষয়ে সকল গ্রাহকগণকে সতর্ক থাকার জন্য অনুরোধ করেন। বিদ্যুৎ ছেঁড়া তার স্পর্শ না করে নিকটবর্তী বিদ্যুৎ অফিসে অবহিত করার জন্য অনুরোধ করেন। তিনি নিকটস্থ বিদ্যুৎ অফিস ছাড়াও সিলেট পল্লীবিদ্যুৎ সমিতি-২ এর নিম্নবর্তি হটলাইন নাম্বারে যোগাযোগ করার জন্য । নিম্নে নাম্বারসমূহ ঃ- ০১৭৬৯-৪০০৭৯৯, ০১৭০৪-১০৬ ৪৯২, ০১৭০৪-১০৬৪৯১, ০১৭৬৯-৪০৪০৫৫, ০১৭০৪-১০৬৪৯৩।<br>খ. লোভাছড়া চা বাগান সংলগ্ন ২৮ জন গ্রাহকের অপেক্ষামাণ নির্মানাধীন লাইনের এলাকা বনবিভাগ নাকি চা বাগানের অন্তর্ভূক্ত তা নির্ধারণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিট কর্মকর্তা ও চেয়ারম্যান ০২ নং লক্ষীপ্রসাদ পশ্চিম ইউপি কে অনুরোধ জানান। | ক. বর্ষা মৌসুমে অবিরাম ভারী বৃষ্টির কারণে বিভিন্ন এলাকায় বন্যা হতে পারে। ফলে বৈদ্যতিক খুঁটির গোড়ার মাটি নরম হয়ে গেলে পড়ে বিদ্যুৎ বিভ্রাট/দূর্ঘটনা ঘটলে নিম্নের হটলাইন নাম্বারে যোগাযোগ করতে হবে। নিম্নে নাম্বারসমূহঃ- ০১৭৬৯-৪০০৭৯৯,০১৭০৪-১০৬৪৯২,০১৭০৪-১০৬৪৯১ ০১৭৬৯-৪০৪০৫৫,০১৭০৪ ১০৬৪৯৩।<br>খ. লোভাছড়া চা বাগান সংলগ্ন ২৮ জন গ্রাহকের অপেক্ষামাণ নির্মাণাধীন লাইন এলাকা বনবিভাগ নাকি চা বাগানের অন্তর্ভূক্ত তা নির্ধারণ করতে হবে। | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি-২ কানাইঘাট,সিলেট। |
| ২৫ | জনস্বাস্থ্য বিভাগ | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), উপজেলা জনস্বাস্থ্য বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য) কানাইঘাট,সিলেট |
| ২৬ | পল্লী সঞ্চয় ব্যাংক বিভাগ | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা জানান, চলতি অর্থ বৎসরের জুলাই/২০২১ মাসে ঋণ বিতরণের লক্ষ্যেমাত্রা ১,০৮,০০,০০০/- টাকা। ঋণ বিতরণ করা হয়েছে ১৩,৬০,০০০/- টাকা । ঋণ আদায় করা হয়েছে ২৮,৩৭,০০০/- টাকা। ঋণ আদায়ের লক্ষ্যেমাত্রা ১,০৮,০০,০০০/- টাকা বলে সভাকে জানান। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | পল্লীসঞ্চয় ব্যাংক কর্মকর্তা কানাইঘাট,সিলেট |
| ২৬ | তথ্য আপা প্রকল্প বিভাগ | উপজেলা তথ্য আপা কর্মকর্তা অনুপস্থিত থাকায় তথ্য আপা প্রকল্প বিভাগের কোন অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | --- |
| ২৭ | বিবিধ | ক. সভায় উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষ এবং সম্মেলন কক্ষে ইন্টেরিয়র ডিজাইন করার লক্ষে প্রাক্কলন প্রস্তুত করা হয়। আলোচনাকালে সভায় উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে পর্যাপ্ত অর্থ না থাকায় বরাদ্দ পাওয়ার লক্ষে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে পত্র প্রেরণের জন্য সভায় প্রস্তাব করেন।<br>খ. উপজেলা নির্বাহী অফিসার , উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের জুলাই ২০২১ মাসের ভ্রমণ ব্যয় বাবদ = ৯,১০০/-(নয় হাজার একশত) অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।<br>গ. উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদ কার্যালয়ে জুলাই ও আগষ্ট/২০২১ মাসে আনুষাংগিক খরচ বাবদ = ১০,০০০/-(দশ হাজার) টাকা ব্যয় অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।<br>ঘ. উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের জীপ গাড়ী মেরামত করণ বাবদ = ২৪,৬০০/-(চব্বিশ হাজার ছয়শত) টাকা খরচ হয়েছে বলে সভাকে অবহিত করেন। | ক. উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষ ও সম্মেলন কক্ষে ইন্টেরিয়র ডিজাইনের প্রস্তুত পূর্বক তা অনুমোদনের জন্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>খ. উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের জুলাই ২০২১ মাসের ভ্রমণ ব্যয় বাবদ = ৯,১০০/-(নয় হাজার একশত)টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।<br>গ. উপজেলা পরিষদ কার্যালয়ের জুলাই ও আগষ্ট/২০২১ মাসে আনুষাংগিক খরচ বাবদ = ১০,০০০/-(দশ হাজার) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।<br>ঘ. উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের জীপ গাড়ী মেরামত করণ বাবদ = ২৪,৬০০/-(চব্বিশ হাজার ছয়শত)টাকা উপজেলা | **উপজেলা পরিষদ কানাইঘাট,সিলেট** |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৮ | তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়ন | আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার তথ্য অধিকার আইনের বিষয়ে উপজেলার সকল সরকারী দপ্তর; বেসরকারী প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও, সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিওভূক্ত স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়/তথ্য প্রদান ইউনিটে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণ করার নির্দেশনা রয়েছে। তাছাড়া দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদেরকে অনলাইনে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইনে সার্টিফিকেট সংগ্রহ করার অনুরোধ জানান। পাশাপাশি সকল ইউনিয়ন পরিষদসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ করে উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করণসহ আপীল কর্তৃপক্ষের তথ্যাদি স্ব-স্ব ওয়েব পোর্টালে আপলোড করার অনুরোধ জানান। আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার সভায় আরো জানান যে, কানাইঘাট উপজেলার বিভিন্ন প্রশাসনিক টায়ারে তথ্য প্রদানকারী ইউনিটের সংখ্যা ৩৪ টি। তন্মধ্যে তথ্য প্রদান ইউনিটসমূহে এ পর্যন্ত নিয়োগকৃত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সংখ্যা ১৭ টি এবং ১৭ জন কর্মকর্তা ইতোমধ্যে অনলাইন প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণ শেষে সনদপত্র গ্রহণ করেছেন। অন্যান্য কর্মকর্তাগণকে জরুরী ভিত্তিতে অনলাইন কার্যক্রম গ্রহণ পূর্বক সনদপত্রের কপি দাখিলের জন্য অনুরোধ জানান। | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী জনগণের তথ্য জানার অধিকার নিশ্চিত করতে হবে।<br><br>দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ জরুরী ভিত্তিতে নিয়োগ পূর্বক অনলাইনে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইন সার্টিফিকেট দাখিল করতে হবে।<br><br>এমপিওভূক্ত স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণ করতে হবে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | সকল সরকারী/ বেসরকারী দপ্তর ও প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও, সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিওভূক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান, কানাইঘাট, সিলেট |
| ২৯ | জন্ম-মৃত্যু নিবন্ধন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদ একজন নাগরিকের অত্যন্ত গুরুত্বপূর্ণ দলিল। জন্ম ও মৃত্যু নিবন্ধন যাচাইকালে সঠিক পদ্ধতিতে জন্ম ও মৃত্যু নিবন্ধন কাজ সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান এবং জন্ম ও মৃত্যু নিবন্ধকগণকে অনুরোধ জানান। তাছাড়া জন্ম নিবন্ধন একজন শিশু/নাগরিকের অধিকার উল্লেখ করে যথাসময়ে শিশুর জন্ম নিবন্ধনের জন্য সকল জনসাধারণকে উদ্বুদ্ধ করতে প্রচারনা চালানোর জন্য সকল জনপ্রতিনিধিগণের দৃষ্টি আকর্ষণ করেন। | যথাযথ প্রক্রিয়া অবলম্বন পূর্বক সঠিক পদ্ধতিতে জন্ম-মৃত্যু নিবন্ধন কাজ সম্পন্ন করতে হবে।<br>জন্ম নিবন্ধন প্রক্রিয়া সম্পন্নের জন্য জনসাধারণকে উদ্বুদ্ধ করতে প্রচারনা চালানোর জন্য সকল জনপ্রতিনিধিগণ সার্বিক সহযোগিতা প্রদান করবেন। | ইউপি চেয়ারম্যান (সকল) কানাইঘাট, সিলেট |
| ৩০ | জঙ্গীবাদ বিষয়ে আলোচনা | সভাপতি মহোদয় সভায় জানান যে, জঙ্গীবাদ বিষয়ে জনসচেতনতা আরো বৃদ্ধি করতে হবে। এ বিষয়ে সাধারণ জনগণকে সচেতন করার জন্য ইউ/পি চেয়ারম্যান ও ইউ/পি সদস্যগণের সর্বাত্মক সহযোগীতা কামনা করেন। | জঙ্গীবাদ বিষয়ে জনগণকে সচেতন করতে হবে। ইউ/পি চেয়ারম্যানগণ সর্বাত্মক সহযোগিতা প্রদান করতে হবে। | সকল বিভাগীয় কর্মকর্তা সকল ইউ/পি চেয়ারম্যান, কানাইঘাট, সিলেট |
| ৩১ | গ্রাম আদালত পরিচালনা | আলোচ্যমাসে গ্রাম আদালত পরিচালনায় দায়েরকৃত মামলার সংখ্যা ১৮৫টি, নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ০৭ টি এবং ১৭৮ টি মামলা অনিষ্পন্ন অবস্থায় রয়েছে। সভাপতি জনভোগান্তি কমিয়ে আনা ও আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে সকল ইউপির অনিষ্পন্ন মামলাগুলো দ্রুত নিষ্পত্তির জন্য অনুরোধ করেন।<br>চেয়ারম্যান, ০৭ নং ইউ/পি, দক্ষিণ বাণীগ্রাম ইউনিয়নে গ্রাম আদালতের কাজ দ্রুত শেষ করা যাবে বলে সভাকে অবহিত করেন। | (ক) কোন সালের কতটি মামলা অনিষ্পন্ন রয়েছে তার চিত্র উল্লেখপূর্বক মামলা দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) গ্রাম আদালতগুলো সক্রিয় করার জন্য জনসচেতনতা বৃদ্ধি করতে হবে। | ইউপি চেয়ারম্যান (সকল) কানাইঘাট, সিলেট |
| ৩২ | করোনা ভাইরাস | আলোচনাকালে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, করোনা ভাইরাস (কোভিট -১৯) এর আগের স্টেইন দুর্বল থাকায় এর প্রকোপ তেমন বাড়তে পারেনি। কিন্তু বর্তমানে প্রেক্ষাপটে কোভিডি-১৯ এর ৩য় পর্যায়ে আক্রান্তের সংখ্যা দিন দিন বৃদ্ধি পাওয়ার সরকার এ বিষয়ে স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য [illegible] | করোনা ভাইরাস (কোভিট-৯) এর প্রকোপ ৩য় বারের মত সারা বিশ্বে ছড়িয়ে পড়েছে বিধায় স্বাস্থ্যবিধি মেনে সরকারী নির্দেশনা মোতাবেক চলাফেরা করা এবং বিয়ের | চেয়ারম্যান,উপজেলা পরিষদ,উপজেলা উপজেলা মূখ্য নির্বাহী কর্মকর্তা/অফিসার ইনচার্জ,কানাইঘাট থানা/সংশ্লিষ্ট ইউনিয়ন |

| | | | | |
|---|---|---|---|---|
| | | আলোচনায় অংশগ্রহন করে উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রকোপ ৩য় বারের মত সারা বিশ্বে ছড়িয়ে পড়ায় জনসাধারণকে স্বাস্থ্য বিধি মেনে চলার বিষয়টি নিশ্চিত রাখার বিষয়ে জনপ্রতিনিধিগণকে এগিয়ে আসার আহবান জানান। পাশাপাশি বিভিন্ন ধর্মীয় ও সামাজিক অনুষ্ঠান বিশেষ করে বিবাহ অনুষ্ঠান, জলসা বা ওয়াজ মাহফিলে জনসমাগম এড়িয়ে স্বাস্থবিধি মেনে চলার লক্ষ্যে জনসাধারণকে সচেতন করার বিষয়টি নিশ্চিত করার প্রস্তাব করেন। | জনসমাগম না করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

আব্দুল মোমিন চৌধুরী
চেয়ারম্যান,উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
কানাইঘাট, সিলেট।

স্মারক নম্বর : ৪৬.৪৬.৯১৫৯.০০০.০০.০১৮.২০.৩৬(৩৬)

০৪ ভাদ্র ১৪২৮
১৯ আগস্ট ২০২১

অনুলিপি ঃ-

১। মাননীয় সংসদ সদস্য,২৩৩ সিলেট - ৫ নির্বাচনী এলাকা
২। সিনিয়র সচিব,স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা
৩। পরিচালক,স্থানীয় সরকার,সিলেট বিভাগ,সিলেট
৪। জেলা প্রশাসক,সিলেট
৫। উপ-পরিচালক,স্থানীয় সরকার,জেলা প্রশাসকের কার্যালয়,সিলেট
৬। মেয়র, পৌরসভা, কানাইঘাট, সিলেট।
৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট।
৮। চেয়ারম্যান, .......................................... ইউ/পি (সকল), কানাইঘাট, সিলেট।
৯। উপজেলা .......................................... কর্মকর্তা (সকল), কানাইঘাট, সিলেট।
১০। জনাব .......................................... কানাইঘাট, সিলেট।

২২/০৮/২০২১

সুমন্ত ব্যানার্জি
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কানাইঘাট, সিলেট।

পরিশিষ্ট "ক"

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা :

| ক্রমিক নং | নাম | পদবী/ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব সুমন্ত ব্যানার্জি | উপজেলা নির্বাহী অফিসার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| | | [illegible] | স্বাক্ষরিত |

| | | | |
|---|---|---|---|
| ৫ | জনাব জেমস লিও ফারগুশন নানকা | চেয়ারম্যান,০২ নং লক্ষীপ্রসাদ পশ্চিম ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব আলী হোসেন কাজল | চেয়ারম্যান,০৩ নং দিঘিরপাড় ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব আবুল হোসাইন | চেয়ারম্যান, ০৫ নং বড়চতুল ইউ/পি কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব মামুন রশিদ মামুন | চেয়ারম্যান, ০৬ নং কানাইঘাট সদর ইউ/পি কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব মাসুদ আহমদ | চেয়ারম্যান,০৭ নং দক্ষিণ বাণীগ্রাম ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১০ | জনাব আব্বাস উদ্দিন | চেয়ারম্যান,০৮ নং ঝিঙ্গাবাড়ী ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১১ | জনাব ডাঃ অভিজিৎ শর্মা | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১২ | জনাব কারিশমা আহমেদ জাকসি | উপজেলা মৎস্য কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব এ.কে.এম রিয়াজ মাহমুদ | উপজেলা প্রকৌশলী,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৪ | জনাব তাজুল ইসলাম | অফিসার ইনচার্জ,কানাঘাট থানা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৫ | জনাব **মোহাম্মদ জহিরুল ইসলাম** | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৬ | জনাব গোপাল চন্দ্র সূত্রধর | উপজেলা শিক্ষা কর্মকর্তা(ভারপ্রাপ্ত),কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৭ | জনাব মোঃ তারিকুল ইসলাম | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি ,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৮ | জনাব মোঃ জিলানী | উপজেলা সমাজসেবা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৯ | জনাব সৌমিত্র কর্মকার | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২০ | জনাব মো ঃ আব্দুল আওয়াল | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২১ | জনাব মো ঃ মাজারুল ইসলাম | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২২ | জনাব মো ঃ জয়নুল ইসলাম | উপজেলা বিট কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৩ | জনাব মোঃ আব্দুর রউফ | উপজেলা খাদ্যনিয়ন্ত্রক কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৪ | জনাব মোঃ আব্দুল মালিক | উপজেলা সমবায় কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৫ | জনাব মোঃ পনিরুজ্জামান | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য),কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৬ | জনাব মোঃ আক্তার হোসেইন | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি-২,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৭ | জনাব হারুন আহমদ | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |

## পরিশিষ্ট "খ"

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা:

| ক্রমিক নং | পদবী/ঠিকানা |
|---|---|
| ০১ | ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট |
| ০২ | চেয়ারম্যান,০৪ নং সাঁতবাক ইউ/পি,কানাইঘাট,সিলেট |
| ০৩ | চেয়ারম্যান,০৯ নং রাজাগঞ্জ ইউ/পি,কানাইঘাট,সিলেট |
| ০৪ | নারী সংরক্ষিত সদস্য,উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট |
| ০৫ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৬ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৭ | উপজেলা পল্লীউন্নয়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৮ | উপজেলা তথ্য আপা প্রকল্প,কানাইঘাট,সিলেট |